২৬১

দৈনিক ইনকিলাব

তারিখ OCT. 29 1999

পৃঃ ৬ কলাম ২



*রয়টার্স ঃ বাংলাদেশের বেসরকারী খাতে পরিচালিত প্রাইমারী স্কুলসমূহের শত শত শিক্ষক সরকারী স্কুলসমূহের শিক্ষকদের সমান বেতনের দাবীতে গতকাল ঢাকায় অনির্দিষ্টকালের জন্য অনশন ধর্মঘট করছে। লক্ষাধিক বেসরকারী প্রাইমারী স্কুল শিক্ষক বেতনের দাবীতে গত বুধবার থেকে ধর্মঘট শুরু করে। এই ধর্মঘটে দেশের ৫০ লাখ ছাত্রের বার্ষিক পরীক্ষায় প্রভাব পড়বে.*

# বেসরকারী প্রাথমিক শিক্ষকদের ২ দিনব্যাপী গণঅনশন ভঙ্গ

**স্টাফ রিপোর্টার ঃ** বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির এক দফা দাবীতে অনশন ধর্মঘটের প্রেক্ষাপটে সরকার পক্ষ থেকে কোন ইতিবাচক সাড়া না আসায় এবং বহু শিক্ষক অসুস্থ হয়ে পড়ায় এবং জাসদ সাধারণ সম্পাদক হাসানুল হক ইনুর অনুরোধে গতকাল বেসরকারী শিকক্ষরা অনশন ভঙ্গ করেছে। অনশন ভঙ্গের পর দাবী আদায়ে নতুন কর্মসূচী ঘোষণা করা হয়েছে। বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃত্বে গত ২৬ ও ২৭ অক্টোবর দুই দিনব্যাপী গণঅনশন ও অবস্থান ধর্মঘটে প্রায় হাজার হাজার শিক্ষক-শিক্ষিকা গ্রাম বাংলার প্রত্যন্ত অঞ্চল থেকে এসে ঢাকাস্থ কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে সমবেত হয় এক দফা দাবী আদায়ের লক্ষ্যে। শহীদ মিনারের পাদদেশে ২৩০ জন শিক্ষক-শিক্ষিকা গত ২৬ অক্টোবর বিকাল ৫টা হতে ২৪ ঘন্টার অনশনে অংশ নেন এবং বাকীরা শহীদ মিনার চত্বরে অবস্থান গ্রহণ করেন। অবস্থানে এক দফা দাবী মেনে নেয়ার আহবান জানিয়ে শিক্ষক-শিক্ষিকা নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। নির্ধারিত ২৪ ঘন্টার অনশন ধর্মঘট কর্মসূচী বাড়িয়ে ২৮ অক্টোবর পর্যন্ত বর্ধিত করা হয়। অনশন চলাকালীন ২৩ জন শিক্ষক-শিক্ষিকা দারুনভাবে অসুস্থ হয়ে পড়লে পুলিশের এম্বুলেন্সে রাজারবাগ পুলিশ হাসপাতাল ও মিটফোর্ড হাসপাতালে ভর্তি করা হয়।

এ অবস্থায় গতকাল বিকেল ৪টায় জাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক জনাব হাসানুল হক ইনু অনশরত শিক্ষক-শিক্ষিকাবৃন্দকে তাদের এক দফা দাবীর প্রতি একাত্মতা ঘোষণা করে এটা তার ব্যক্তিগত দাবী হিসেবে সকলের অনশন ভঙ্গ করার অনুরোধ জানান। অশ্রুসিক্ত চোখে তিনি, সরবত খাওয়ায়ে অনশনরতদের অনশন ভঙ্গ করান। অবস্থানে সমাপনী বক্তৃতায় কেন্দ্রীয় সভাপতি মেজর (অবঃ) আসাদুজ্জামান সরকারকে আগামী ১৫ দিনের মধ্যে ন্যায়সঙ্গত দাবী মেনে নেবার আহবান। নতুবা আগামী ১৬ নভেম্বর হতে দুর্বার কর্মসূচী হল ঃ

অগামী ১৬ নভেম্বর হতে ২২ নভেম্বর '৯৯ পর্যন্ত সকল রেজিস্টার্ড সেবসরকারী প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকবে।

২৮ নভেম্বর দেশের সকল থানা সদরে বিক্ষোভ মিছিল ও থানা নির্বাহী অফিস ঘেরাও অফিস চলাকালীন সময় পর্যন্ত।

২৯ নভেম্বর দেশের সকল থানার আন্তঃজেলা সড়ক অবরোধ, অবস্থান ধর্মঘট সকাল ৬টা হতে বেলা ১২টা পর্যন্ত।

৯ ফেব্রুয়ারী ২০০০ সালে সকল জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও, অবস্থান ধর্মঘট ও আন্তঃজেলা সড়ক অবরোধ সকাল ৬টা হতে বেলা ২টা পর্যন্ত।